

বাংলাদেশ কৃষি ব্যাংক  
মুখ্য আঞ্চলিক কার্যালয়, টাংগাইল(উঃ)

জাতীয় শুদ্ধাচার কৌশলের আলোকে বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক কার্যালয়, টাংগাইল(উঃ) এর জুলাই'২০২০ হতে সেপ্টেম্বর'২০২০ সময়কালের ১ম প্রান্তিকের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব আঃসঃমঃ বাবর, মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক  
তারিখ ও সময় : ২৭.০৯.২০২০ খ্রিঃ, বিকাল ৪.০০ ঘটিকা  
স্থান : মুখ্য আঞ্চলিক কার্যালয়, টাংগাইল(উঃ)  
উপস্থিতি : পরিশিষ্ট "ক"

০১। সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত কমিটির সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। ব্যক্তিগত, কর্মক্ষেত্র ও জাতীয় জীবনের বিভিন্ন পর্যায়ে শুদ্ধাচার চর্চার গুরুত্ব তুলে ধরার মাধ্যমে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, যে কোন প্রতিষ্ঠানের উন্নতির জন্য শুদ্ধাচার চর্চার বিকল্প নেই। দক্ষতা ও জ্ঞানের সাথে কর্তব্যনিষ্ঠা, সততা, সময়ানুবর্তিতা, আইনের প্রতি আনুগত্যতা তথা শুদ্ধাচারের যাবতীয় বিষয়ের সু-সমন্বয় প্রয়োজন। সুশাসন নিশ্চিতকরণে শুদ্ধাচার অনুশীলন একান্ত প্রয়োজন বলে সভাপতি অভিমত ব্যক্ত করেন। তিনি আরো বলেন, পরিবার, সমাজ, কর্মক্ষেত্র, রাষ্ট্র তথা জীবনের প্রতিটি অংশ থেকে ব্যক্তি শুদ্ধাচারের শিক্ষা অর্জন করে তা বাস্তবজীবনে প্রয়োগের মাধ্যমে সামগ্রিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে সক্ষম হয়। ব্যাংকিং খাতে নানামুখী দুর্নীতি পরিলক্ষিত হওয়ায় শুদ্ধাচার কৌশল প্রণয়ন ও বাস্তবায়ন সমরোপযোগী পদক্ষেপ। ব্যাংক কর্মকর্তা/কর্মচারীদের ব্যক্তিগত নৈতিকতা ও কর্তব্যনিষ্ঠার দ্বারা প্রাতিষ্ঠানিক শুদ্ধাচার প্রতিষ্ঠার মাধ্যমে দুর্নীতিমুক্ত পরিবেশ সৃষ্টির লক্ষ্যে সকলকে একযোগে কাজ করার আহ্বান জানিয়ে তিনি সভার শুরু করেন।

০২। সভাপতির অনুমতিক্রমে জনাব অত্র কার্যালয়ের উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব অমলেশ চক্রবর্তী জুলাই'২০২০ হতে সেপ্টেম্বর'২০২০ সময়কালের ১ম প্রান্তিকের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা এবং বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে আলোকপাত করেন।

০৩। সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

ক) বিকেবি প্রধান কার্যালয়ের নির্দেশক্রমে ২০২০-২০২১ অর্থবছরের কর্মপরিকল্পনা আগামী ৩০.০৯.২০২০ এর মধ্যে পরিকল্পনা প্রণয়ন পূর্বক ওয়েব সাইটে আপলোড করার নির্দেশনা দেয়া হয়।

খ) খান আদায়-বিতরণসহ সকল ক্ষেত্রেই অঞ্চলাধীন প্রতিটি শাখার কর্মকর্তা ও কর্মচারীগনকে শুদ্ধাচারের বিষয়টি অবহিত করণ ও পরিপালন নিশ্চিতকরণসহ এবং ব্যাংকের সকল গনসচেতনতামূলক পোস্টার শাখায় টাঙ্গানো অত্যাবশ্যিক। প্রতিটি শাখাকে নির্দেশনা সমূহ আগামী ৩০.০৯.২০২০ এর মধ্যে পত্রযোগে অবহিত করতে হবে।

গ) বিভিন্ন কর্মকর্তা ও কর্মচারীগণের বিরুদ্ধে কোন অভিযোগ পাওয়া গেলে স্বচ্ছতা ও সততার সাথে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে।

ঘ) স্বচ্ছতা, জবাবদিহিতা ও সততার চর্চার মাধ্যমে শুদ্ধাচারের প্রয়োগ বৃদ্ধির জন্য নিয়ন্ত্রনকারী কর্তৃপক্ষের ও নিরীক্ষার নজরদারী অত্যন্ত গুরুত্বপূর্ণ। তাই অধীনস্থ শাখাসমূহে পরিদর্শন ও নিরীক্ষা কার্যসম্পাদন করা জরুরী। জুলাই-সেপ্টেম্বর'২০২০ ত্রৈমাসিকে মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক মহোদয় অঞ্চলঅধীন ১৮টি শাখা একাধিক বার পরিদর্শন করেছেন। অধিকাংশ শাখার অর্ধবার্ষিক পরিদর্শন প্রতিবেদন প্রেরণ করা হয়েছে এবং অবশিষ্ট শাখার প্রতিবেদন আগামী ০৭ দিনের মধ্যে প্রেরণ করতে হবে।

ঙ) শুদ্ধাচারের অন্যতম উপাদান অংশীজনের ও সেবা গ্রহীতাদের মতামত গ্রহণ। এ ক্ষেত্রে গনশুনানী একটি অত্যন্ত কার্যকরী কৌশল হওয়ায় মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক মহোদয় এরিয়া ভিত্তিক কয়েকটি শাখার সমন্বয়ে গণশুনানী করবেন এবং আগামী অক্টোবর'২০২০ এর মধ্যে সকল শাখার গণশুনানী সম্পন্ন করা হবে।

(জনাব আঃসঃমঃ বাবর)  
মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক  
ও  
সভাপতি

সূত্র নং-মুআকা(টাং উঃ)/শুদ্ধাচার/প্রশা- ৩/২০২০-২০২১/ ৪৯৬

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

তারিখ : ২৭.০৯.২০২০ খ্রিঃ

০১। স্টাফ অফিসার মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয়, ঢাকা।

০২। উপমহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৩। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, ঢাকা।

০৪। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, টাংগাইল(উঃ)।

০৫। সকল শাখা ব্যবস্থাপক, বিকেবি, টাংগাইল(উঃ) মুখ্যঅঞ্চল।

০৬। নথি/ মহানথি।

( অমলেশ চক্রবর্তী )  
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা